



হরমুজ প্রণালিতে নিয়ন্ত্রণ জোরদারে আইনি পদক্ষেপ ইরানের



ছবি: সংগৃহীত

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা আরও শক্তভাবে নিজেদের হাতে নিতে নতুন আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে ইরান। এ বিষয়ে দেশটির পার্লামেন্টে উত্থাপিত একটি বিলে শিগগিরই ভোটাভুটি হওয়ার কথা রয়েছে।

তেহরানের দাবি, আইনটি কার্যকর হলে হরমুজ প্রণালি অতিক্রমকারী সব বাণিজ্যিক ও সামরিক জাহাজকে ইরান নির্ধারিত নৌপথ অনুসরণ করতে হবে। পাশাপাশি প্রণালি ব্যবহার করার আগে ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) নৌ ইউনিটের আনুষ্ঠানিক অনুমতিও নিতে হবে।

ইরানের এই উদ্যোগের বিরোধিতা করেছে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন যৌথ সামুদ্রিক তথ্য কেন্দ্র। তারা জানিয়েছে, ইরানের বন্দরগুলোর ওপর আরোপিত মার্কিন নিষেধাজ্ঞা এখনো কার্যকর রয়েছে। একই সঙ্গে সতর্ক করে বলা হয়েছে, কোনো জাহাজকে জোরপূর্বক আটকে রাখা বা নতুন নির্দেশনা চাপিয়ে দেওয়ার চেষ্টা হলে সংশ্লিষ্ট জাহাজ অচল কিংবা ধ্বংস করে দেওয়ার পদক্ষেপ নেওয়া হতে পারে।

বিশ্লেষকদের মতে, মার্কিন নিষেধাজ্ঞা অব্যাহত থাকা অবস্থায় হরমুজ প্রণালির ওপর একক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় ইরানের এই আইনি উদ্যোগ মধ্যপ্রাচ্যে নতুন করে উত্তেজনা বাড়াতে পারে। ফলে বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সামুদ্রিক জ্বালানি রুট ঘিরে অনিশ্চয়তা আরও দীর্ঘস্থায়ী হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।